

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪৭৪

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২. জুমু'আর সালাত - খুতবা দেয়া অবস্থায় লাঠি বা ধনুকের উপর ভর করার বিধান

আরবী

وَعَنِ الْحَكَمِ بْنِ حَزْنٍ _ رضي الله عنه _ قَالَ: شَهِدْنَا الْجُمُّعَةَ مَعَ النَّبِيِّ _ صلى الله عليه وسلم _ فَقَامَ مُتَوَكِّنًا عَلَى عَصًا أَوْ قَوْسِ. رَوَاهُ أَبُو دَاؤُدَ

حسن. رواه أبو داود (1096) ولفظه: عن الحكم بن حزن قال: وفدت إلى رسول الله على الله عليه وسلم سابع سبعة، أو تاسع تسعة، فدخلنا عليه فقلنا: يا رسول الله! زرناك فادع الله لنا بخير فأمر بنا، أو أمر لنا بشيء من التمر، والشأن إذا ذاك دون فأقمنا بها أياما، شهدنا فيها الجمعة مع رسول الله صلى الله عليه وسلم، فقام متوكئا على عصا أو قوس، فحمد الله، وأثنى عليه كلمات خفيفات طيبات مباركات، ثم قال: «أيها الناس! إنكم لن تطيقوا أو: لن تفعلوا كل ما أمرتم به، ولكن سددوا وأشروا

বাংলা

898. হাকাম বিন হাযন হতে বর্ণিত। তিনি বলেন, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে জুমু'আহর সালাতে উপস্থিত হলাম। তিনি লাঠি বা ধনুকের উপর ভর দিয়ে (খুতবাহতে) দাঁড়ালেন।[1]

ফুটনোট

[1] আবু দাউদ ১০৯৬, আহমাদ ১৭৪০০।



আবৃ দাউদের বর্ণনায় রয়েছে, হাকাম বিন হাযন (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেনঃ আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে সাতজন অথবা নয়জনের একটি দল নিয়ে আসলাম। আমরা তাঁর নিকট প্রবেশ করে বললাম: হে আল্লাহর রাসূল! আমরা আপনার সাথে সাক্ষাত করতে এসেছি। আপনি আল্লাহর কাছে আমাদের কল্যাণের জন্য দু'আ করুন। আপনি আমাদেরকে কিছু করতে নির্দেশ দিন। আমরা তথায় কিছুদিন অবস্থান করলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে জুমু'আর সালাতে উপস্থিত হলাম। তিনি একটি ধনুক অথবা লাঠির উপরে ভর দিয়ে দাঁড়ালেন। তিনি আল্লাহর প্রশংসার পর বরকতময় সংক্ষিপ্ত কিছু ভাল কথা বললেন। অতঃপর তিনি বলেনঃ নিশ্চয় তোমাদের যা কিছু আদেশ করা হয় তা তোমরা করতে সক্ষম নও। বরং তোমরা মধ্যম পন্থা অবলম্বান করো এবং সুসংবাদ দিয়ে যাও।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ হাকীম ইবনু হিযাম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন